MAR 14 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ২ ......

### ছাত্র-ছাত্রীদের হাতে বই পৌঁছায় নাই

# নীলফামারী জেলার ১২০৫ বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত

সৈয়দপুর (নীলফামারী) হইতে সংবাদদাতা ॥ আড়াই মাসেও নীলফামারী জেলার ৯৮২টি প্রাথমিক এবং ২২৩টি নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের হাতে পাঠ্যপুস্তক পৌঁছায় নাই। ১২০৫টি বিদ্যালয়ের অগণিত ছাত্র-ছাত্রীর লেখাপড়া বিঘ্নিত হইতেছে। এই অবস্থার সুযোগে অনেক পুস্তক ব্যবসায়ী চড়া দামে নিম্নমানের বিভিন্ন নোট ও গাইড বই বিক্রয় করিতেছে। পুস্তক ব্যবসায়ী মহলসূত্রে জানা গিয়াছে, ফেব্রুয়ারির মাঝামাঝি কিছু বই পাওয়া গেলেও তাহা ছিল চাহিদার এক-চতুর্থাংশেরও কম। এই সকল বইয়ের মধ্যে ছিল কেবল বাংলা, ইংরেজি ও গণিত বই। তদুপরি বইগুলি ছিল ভুলে ভরা।

বইয়ের অভাবে বিভিন্ন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হইতেছে। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর উপস্থিতিও কমিয়া গিয়াছে বলিয়া জানা গিয়াছে। কিছু কিছু বিদ্যালয় অঘোষিতভাবেই ছুটির পর ছুটি চলিতেছে বলিয়াও অভিযোগ রহিয়াছে।

## সংশোধনী

কফি আনান ১৯৯৭ সালের ১লা জানুয়ারী জাতিসংঘের মহাসচিব হিসাবে দায়িত্ব গ্রহণ করেন। গতকাল মঙ্গলবার দৈনিক ইত্তেফাকের ৩-এর পাতায় ভুলক্রমে ১৯৯৭ সালের স্থলে ১৯৭৯ সাল ছাপা হয়।